



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ
বাংলাদেশ নৌ বাহিনী
সোনাকান্দা, নারায়ণগঞ্জ

কেবলঃ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ দরপত্র (স্থানীয় বিক্রয়)
ফোন নং ৭৬৬১৪৮২

দরপত্র অনুসন্ধান নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৩.১৪৬০
ডকুমেন্ট বিক্রয় মূল্য টাকাঃ ফ্রি

তারিখ ০৯ মার্চ ২০২৩ ইং

মেসার্স

বিষয়ঃ ব্যবহার অনুপযোগী এম এস স্ক্রাপ রড (যেখানে যে অবস্থায়, যে পরিমাণ আছে) বিক্রয় প্রসঙ্গে

টেন্ডারের শর্তাবলী

আমি/আমরা উপরে উল্লেখিত এম এস স্ক্রাপ রড জন্য টেন্ডার জমা দিচ্ছি এবং নিচে বর্ণিত টেন্ডারে যাবতীয় শর্ত মেনে চলার অঙ্গীকার করছি :

১। দরপত্র বন্ধের তারিখ ও সময়।
দরপত্র গ্রহণ করার সময় ১২.১৫ বেলা ১৫ মার্চ ২০২৩ ইং

২। দরপত্র জমা দেওয়ার স্থান।

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, নারায়ণগঞ্জ এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে এবং দরপত্র ডাক যোগে পাঠানো যেতে পারে।

৩। দরপত্র খোলার তারিখ এবং সময়।

উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনীত প্রতিনিধি, যদি কেউ উপস্থিত থাকেন, তাদের সম্মুখে দরপত্র বন্ধের পর ১২.৩০ সময় তারিখে ১৫ মার্চ ২০২২ ইং খোলা হবে।

৪। দরপত্র সীলিং এবং মার্কিং

ক। দরপত্র ইনভেলোপের ভিতর এবং বাইরে উভয়ের উপরে সীল মোহর সহ ম্যানেজিং ডাইরেক্টর, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এই ঠিকানায় দাখিল করতে হবে।

খ। ইনভেলোপে টেন্ডার নং, খোলার তাং এবং সময় উল্লেখিত করতে হবে। ইনভেলোপে দরপত্র প্রেরকের পুরা নাম ও ঠিকানা লিখতে হবে যাতে দেরিতে প্রাপ্ত এবং অগ্রহণযোগ্য দরপত্র প্রেরকের নামে ফেরৎ পাঠানো যেতে পারে।

গ। ইনভেলোপে উক্ত নিয়মকানুন মোতাবেক যথোপযুক্ত সীল এবং সম্বোধন না থাকে তা হলে দরপত্র খোয়া যাওয়া বা সময়ের পূর্বে খোলার জন্য অত্র প্রতিষ্ঠান দায়ী থাকবে না।



৫। জামানতের টাকা। টেন্ডার জমা দেওয়ার সময় টাকা ৫০,০০০.০০ (টাকা পঞ্চাশ হাজার মাত্র) আর্নেস্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়াকর্স লিঃ এর নামে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফলভাবে কার্য শেষ করার পর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না। (তালিকভুক্ত সরবরাহকারি/ঠিকাদারদের জন্য প্রযোজ্য নহে)।

৬। শর্তসমূহঃ

ক। সর্বোচ্চ দরদাতা হিসাবে গৃহীত ব্যক্তি বা সংস্থা কে সংগ্রহের জন্য বিক্রয়াদেশ প্রদান করা হবে এবং সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর বিক্রয়াদেশ প্রাপ্তির পর ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

খ। বিক্রয়াদেশ পাওয়ার সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে এর সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে।

গ। মূল্য পরিশোধের পরবর্তী ০৭ কর্মদিবসের মধ্যে এম এস স্ক্র্যাপ রড পরিমাপ করে নিজ খরচে নিয়ে যেতে হবে।


ঘ। যে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে কর্তৃপক্ষ তাৎক্ষণিক এম এস স্ক্র্যাপ রড সমূহ সরবরাহ বন্ধ করে দেওয়ার ক্ষমতা সংরক্ষন করেন।

ঙ। সর্বোচ্চ দরদাতা এম এস স্ক্র্যাপ রড গ্রহণ করতে ব্যর্থ হলে ২য় সর্বনিম্ন দরদাতাকে বিক্রয়াদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষন করে। বিক্রয়াদেশ প্রদানের পর এম এস রড সরবরাহ নিতে ব্যর্থ হলে অত্র প্রতিষ্ঠানের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

চ। কর্তৃপক্ষ প্রয়োজনীয় শর্তাবলী সংশোধন/সংযোজনের ক্ষমতা সংরক্ষন করে।

৭। ঠিকাদার প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করবেন।

আমি/আমরা উপরে উলিখিত চুক্তির যাবতীয় শর্তাবলী মেনে নিলাম এবং স্বাক্ষর করলাম।



এ টি এম রেজাউল হাসান
কমান্ডার বিএন
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

দরদাতার স্বাক্ষর ও সীল

পূর্ণ ঠিকানা

ফোন নং-----

তারিখ-----

মালামালের বিবরণঃ

ক। সিভিল সেকশনের আন্তর্বিভাগীয় নোট নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.৫৫.২৪১.২৩.১৩৪ তারিখ ০৭ মার্চ ২০২৩।

ক্রঃ নং	বিবরণ	একক	ভ্যাট ও ট্যাক্সসহ একক মূল্য
১।	এম এস স্ক্রাপ রড (যেখানে যে অবস্থায়, যে পরিমাণ আছে)	প্রতি কেজি	

কথায়ঃ

বিঃ দ্রঃ- ভ্যাট ও ট্যাক্স সহ প্রতি কেজি এম এস স্ক্রাপ রড এর দর উল্লেখ করতে হবে।

দরপত্র কমিটির স্বাক্ষর

বাণিজ্যিক শাখা

হিসাব রক্ষণ শাখা

ব্যবহারকারী

আমরা সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

ঠিকাদারের স্বাক্ষর

ভ্যাট নিবন্ধন নং-

এরিয়া কোড নং-

টিআইএন নং-

